# মূল বইয়ের অতিরিক্ত অংশ

# ষষ্ঠ অধ্যায়: জাবেদা

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶ ১** জনাব আশ্রাফ আলী তার নতুন ব্যবসায় প্রতিষ্ঠান হিসেবে এশিয়ান টিভির এজেন্ট নেন। নতুন প্রতিষ্ঠানের নভেম্বর ২০১৯ সালের লেনদেনসমূহ নিচে দেওয়া হলো:

| | | |
|---|---|---|
| ২০১৯ | | |
| নভেম্বর | ১ | নতুন ব্যবসায় পরিচালনার জন্য মূলধন আনা হলো ৪,৮০,০০০ টাকা। |
| ” | ৫ | টিভি বিক্রির জন্য বিজ্ঞাপন দেওয়া হয় ১০,০০০ টাকা। |
| ” | ১০ | ভাড়া পরিশোধ করা হলো ১০,০০০ টাকা। |
| ” | ১৫ | ১,৮০,০০০ টাকার টিভি নগদে বিক্রয় করা হলো। |
| ” | ১৮ | কমিশন পাওয়া গেল ৫,০০০ টাকা। |
| ” | ২০ | দোকানের সাইনবোর্ড লাগানো হলো ১৮,০০০ টাকা। |
| ” | ২২ | সাইফের কাছে চেকে বিক্রয় ৮০,০০০ টাকা। |
| ” | ২৫ | ব্যাংক সুদ পাওয়া গেল ২,৫০০ টাকা। |
| ” | ২৮ | ১,১৫,০০০ টাকার টিভি ক্রয় করে চেক দেওয়া হলো। |

ক. বিজ্ঞাপন সংক্রান্ত লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ২

খ. ২০১৯ সালের নভেম্বর মাসের আয় সংক্রান্ত লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

গ. জনাব আলমের নভেম্বর মাসের ১, ১০, ২২ ও ২৮ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ৪

### ১ নং প্রশ্নের সমাধান

**ক**

**জনাব আশ্রাফ আলী**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| নভে.-৫ | বিজ্ঞাপন হিসাব ডেবিট | | ১০,০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ১০,০০০ |
| | (বিজ্ঞাপন বাবদ খরচ নগদে প্রদান করা হলো) | | | |
| ” ২০ | বিজ্ঞাপন হিসাব ডেবিট | | ১৮,০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ১৮,০০০ |
| | (দোকানের সাইনবোর্ড লাগানোর খরচ নগদে প্রদান করা হলো) | | | |
| | মোট | | ২৮,০০০ | ২৮,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ২৮,০০০ টাকা।

**খ**

**জনাব আশ্রাফ আলী**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| নভে.-১৫ | নগদান হিসাব ডেবিট | | ১,৮০,০০০ | |
| | বিক্রয় হিসাব ক্রেডিট | | | ১,৮০,০০০ |
| | (নগদে টিভি বিক্রয় করা হলো) | | | |
| ” ১৮ | নগদান হিসাব ডেবিট | | ৫,০০০ | |
| | প্রাপ্ত কমিশন হিসাব ক্রেডিট | | | ৫,০০০ |
| | (নগদে কমিশন পাওয়া গেল) | | | |
| ” ২২ | ব্যাংক হিসাব ডেবিট | | ৮০,০০০ | |
| | বিক্রয় হিসাব ক্রেডিট | | | ৮০,০০০ |
| | (চেকে পণ্য বিক্রয় করা হলো) | | | |
| ” ২৫ | ব্যাংক হিসাব ডেবিট | | ২,৫০০ | |
| | ব্যাংক সুদ হিসাব ক্রেডিট | | | ২,৫০০ |
| | (ব্যাংক সুদ পাওয়া গেল) | | | |
| | মোট | | ২,৬৭,৫০০ | ২,৬৭,৫০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ২,৬৭,৫০০ টাকা।

গ

**জনাব আশ্রাফ আলী**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| নভে.-১ | নগদান হিসাব ডেবিট | | ৪,৮০,০০০ | |
| | মূলধন হিসাব ক্রেডিট | | | ৪,৮০,০০০ |
| | (নতুন ব্যবসায়ে মূলধন আনা হলো) | | | |
| ” ১০ | ভাড়া হিসাব ডেবিট | | ১০,০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ১০,০০০ |
| | (নগদে ভাড়া খরচ পরিশোধ করা হলো) | | | |
| ” ২২ | ব্যাংক হিসাব ডেবিট | | ৮০,০০০ | |
| | বিক্রয় হিসাব ক্রেডিট | | | ৮০,০০০ |
| | (চেকে পণ্য বিক্রয় করা হলো) | | | |
| ” ২৮ | ক্রয় হিসাব ডেবিট | | ১,১৫,০০০ | |
| | ব্যাংক হিসাব ক্রেডিট | | | ১,১৫,০০০ |
| | (চেকে টিভি ক্রয় করা হলো) | | | |
| | **মোট** | | ৬,৮৫,০০০ | ৬,৮৫,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৬,৮৫,০০০ টাকা।

প্রশ্ন ▶২ ২০১৯ সালের জানুয়ারি মাসে শাহরিয়াদের ব্যবসায়ে নিচের লেনদেনগুলো সম্পন্ন হয়েছে:

২০১৙

জানু.- ২ যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা; বহন খরচ ১,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা প্রদত্ত হলো।
” - ৬ বিজ্ঞাপন বাবদ খরচ করা হলো ৫,০০০ টাকা।
” - ১০ পণ্য বিক্রয় বাবদ প্রাপ্ত ২০,০০০ টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।
” - ১৫ ইজারা সম্পত্তির অবলোপন ৮,০০০ টাকা।
” - ২৫ জীবন বিমার প্রিমিয়াম পরিশোধ হলো ৫,০০০ টাকা।
” - ২৬ ব্যাংক জমাতিরিক্তের সুদ ধার্য হলো ২,০০০ টাকা।
” - ২৮ কর্মচারীদের বেতন প্রদত্ত হলো ১০,০০০ টাকা।
” - ২৯ আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ৫০০ টাকা।

ক. অনগদ লেনদেন চিহ্নিত করো এবং সমষ্টি নির্ণয় করো। ২
খ. ২, ৬, ১৫ ও ২৬ তারিখের লেনদেন জাবেদাভুক্ত করো। ৪
গ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

ক অনগদ লেনদেনের সমষ্টি নির্ণয়:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-৬ | বিজ্ঞাপন বাবদ পণ্য বিতরণ | ৫,০০০ | |
| ” ১৫ | ইজারা সম্পত্তির অবলোপন | ৮,০০০ | |
| ” ২৯ | আসবাবপত্রের অবচয় ধার্য হলো | ৫০০ | |
| | **মোট অনগদ লেনদেনের পরিমাণ** | | ১৩,৫০০ |

**উত্তর:** মোট অনগদ লেনদেনের সমষ্টি ১৩,৫০০ টাকা।

খ

**শাহরিয়াদ**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| জানু.-২ | যন্ত্রপাতি হিসাব ডেবিট | | ২৩,০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ২৩,০০০ |
| | (যন্ত্রপাতি ক্রয় এবং বহন খরচ ও সংস্থাপন ব্যয় প্রদান করা হলো) | | | |
| ” ৬ | বিজ্ঞাপন হিসাব ডেবিট | | ৫,০০০ | |
| | ক্রয় হিসাব ক্রেডিট | | | ৫,০০০ |
| | (বিজ্ঞাপন বাবদ পণ্য বিতরণ করা হলো) | | | |

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ” ১৫ | অবলোপন হিসাব | ডেবিট | | ৮,০০০ | |
| | ইজারা সম্পত্তি হিসাব | ক্রেডিট | | | ৮,০০০ |
| | (ইজারা সম্পত্তি অবলোপন করা হলো) | | | | |
| ” ২৬ | ব্যাংক জমাতিরিক্তের সুদ হিসাব | ডেবিট | | ২,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ২,০০০ |
| | (ব্যাংক জমাতিরিক্তের সুদ ধার্য করা হলো) | | | | |
| | **মোট** | | | ৩৮,০০০ | ৩৮,০০০ |

**উত্তর:** জাবেদার যোগফল ৩৮,০০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-৬ | বিজ্ঞাপন খরচ | ৫,০০০ | |
| ” ১৫ | ইজারা সম্পত্তির অবলোপন | ৮,০০০ | |
| ” ২৬ | ব্যাংক জমাতিরিক্তের সুদ | ২,০০০ | |
| ” ২৮ | কর্মচারীদের বেতন প্রদান | ১০,০০০ | |
| ” ২৯ | আসবাবপত্রের অবচয় | ৫০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ২৫,৫০০ |

**উত্তর:** মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২৫,৫০০ টাকা।

**প্রশ্ন ▶৩** শাম্মি ট্রেডার্স ২০১৯ সালের জানুয়ারি মাসে নগদ ৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার মেশিন নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিচে দেওয়া হলো:

২০১৯
জানুয়ারি ৪ নগদে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা যার অর্ধেক ব্যাংকে জমা দেওয়া হলো।
” ৮ পণ্য ক্রয় ৪,০০০ টাকা।
” ১২ মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন আনয়ন ১০,০০০ টাকা।
” ২০ ৫,০০০ টাকার পণ্য ক্রয়ের প্রস্তাব গৃহীত হলো।

ক. শাম্মি ট্রেডার্স-এর ব্যবসায়ে স্থায়ী সম্পদের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪
গ. মালিকানা স্বত্বের পরিমাণ কত? ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

**ক** শাম্মি ট্রেডার্স-এর স্থায়ী সম্পদের পরিমাণ নিরূপণ:

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-১ | মেশিন (মূলধন স্বরূপ আনয়ন) | ২০,০০০ | |
| | **স্থায়ী সম্পদের পরিমাণ** | | ২০,০০০ |

**উত্তর :** স্থায়ী সম্পদের পরিমাণ ২০,০০০ টাকা।

**খ**

**শাম্মি ট্রেডার্স**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | |
| জানু.-১ | নগদান হিসাব | ডেবিট | | ৫০,০০০ | |
| | মেশিন হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ৭০,০০০ |
| | (নগদ টাকা এবং মেশিন নিয়ে ব্যবসায় শুরু করা হলো) | | | | |
| ” ৪ | নগদান হিসাব | ডেবিট | | ১০,০০০ | |
| | ব্যাংক হিসাব | ডেবিট | | ১০,০০০ | |
| | বিক্রয় হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | (পণ্য বিক্রয় করে নগদ টাকা পাওয়া গেল এবং এর অর্ধেক ব্যাংকে জমা দেওয়া হলো) | | | | |

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| " ৮ | ক্রয় হিসাব | ডেবিট | | ৪,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৪,০০০ |
| | (পণ্য ক্রয় করা হলো) | | | | |
| " ১২ | নগদান হিসাব | ডেবিট | | ১০,০০০ | |
| | মূলধন হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | (অতিরিক্ত মূলধন আনা হলো) | | | | |
| | **মোট** | | | ১,০৪,০০০ | ১,০৪,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ১,০৪,০০০ টাকা।

**গ** মালিকানা স্বত্বের পরিমাণ নিরূপণ **:**

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জানু.-১ | নগদ অর্থ ও মেশিন নিয়ে ব্যবসায় শুরু (প্রারম্ভিক মূলধন) | ৭০,০০০ | |
| " ৪ | যোগ **:** পণ্য বিক্রয় (আয়) | ২০,০০০ | |
| | | ৯০,০০০ | |
| " ৮ | বাদ **:** পণ্য ক্রয় (ব্যয়) | (৪,০০০) | |
| | | ৮৬,০০০ | |
| " ১২ | যোগ **:** মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন আনয়ন | ১০,০০০ | |
| | **মালিকানা স্বত্ব** | | ৯৬,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব ৯৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৪** জনাব আফরোজা আক্তার একজন কাপড় ব্যবসায়ী। ২০১৯ সালের ডিসেম্বর মাসে তার প্রতিষ্ঠানে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে—

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | ৫% বাট্টায় জনাব মাহমুদের নিকট হতে ১০,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয়। চালান নং - ৭৮। |
| " | ৩ | নগদে বিক্রয় ১২,০০০ টাকা। |
| " | ৮ | মাহমুদকে পণ্য ফেরত প্রদান ১,০০০ টাকা। ডেবিট নোট নং- ১২৩। |
| " | ১০ | পুরাতন আসবাবপত্র মেরামত ৫০০ টাকা। |
| " | ১৫ | জনাব নজরুল ইসলামের নিকট হতে ২০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নং- ১০৯। |
| " | ২০ | মাহমুদকে পরিশোধ ৪,০০০ টাকা। |

ক. ডিসেম্বর ৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ডেবিট নোট প্রস্তুত করো। ২

খ. উপরোক্ত লেনদেনের ভিত্তিতে জনাব আফরোজা আক্তারের ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

**ক** ডিসেম্বর ৮ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি ডেবিট নোট নিম্নরূপ —

**জনাব আফরোজা আক্তার**

ডেবিট নোট নং-১২৩ **ডেবিট নোট** তারিখ **:** ৮ ডিসেম্বর ২০১৯

প্রাপকের নাম **:** জনাব মাহমুদ

ঠিকানা **:** .............

সূত্র **:** ক্রয়/ চালান নম্বর-৭৮/১ ডিসেম্বর ২০১৯

| ক্রমিক নং | মালের বিবরণ ও ফেরতের কারণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | ক্রয়কৃত পণ্য ফেরত পাঠানো হলো এবং ফেরত পণ্যের মূল্য দ্বারা আপনাদের হিসাবকে ডেবিট করা হলো। | ১,০০০ |
| | **বাদ:** কারবারি বাট্টা (১,০০০ × ৫%) | ৫০ |
| | **মোট** | ৯৫০ |

টাকা (কথায়) **:** নয় শত পঞ্চাশ মাত্র।

ক্রয় ব্যবস্থাপক

**খ**

**জনাব আফরোজা আক্তার**
**ক্রয় জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নম্বর | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | |
| ডিসে.-১ | জনাব মাহমুদ (নোট-১) | | ৭৮ | ✓ | ৯,৫০০ |
| " ১৫ | জনাব নজরুল ইসলাম | | ১০৯ | ✓ | ২০,০০০ |
| | **মোট** | | | | ২৯,৫০০ |

**উত্তর :** ক্রয় জাবেদার যোগফল ২৯,৫০০ টাকা।

**নোট-২ :** জনাব মাহমুদের নিকট থেকে ক্রয় = [১০,০০০ – (১০,০০০ × ৫%)] = ১০,০০০ – ৫০০ টাকা = ৯,৫০০ টাকা

**গ**

**জনাব আফরোজা আক্তার**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| ডিসে. ৩ | নগদান হিসাব ডেবিট | | ১২,০০০ | |
| | বিক্রয় হিসাব ক্রেডিট | | | ১২,০০০ |
| | (নগদে পণ্য বিক্রয় করা হলো) | | | |
| " ৮ | পাওনাদার হিসাব (মাহমুদ) ডেবিট | | ১,০০০ | |
| | ক্রয় ফেরত হিসাব ক্রেডিট | | | ১,০০০ |
| | (ধারে ক্রয়কৃত পণ্য পণ্য ফেরত পাঠানো হলো) | | | |
| " ১০ | মেরামত খরচ হিসাব ডেবিট | | ৫০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ৫০০ |
| | (নগদে মেরামত খরচ প্রদান করা হলো) | | | |
| " ২০ | পাওনাদার হিসাব (মাহমুদ) ডেবিট | | ৪,০০০ | |
| | নগদান হিসাব ক্রেডিট | | | ৪,০০০ |
| | (মাহমুদের টাকা পরিশোধ করা হলো) | | | |
| | **মোট** | | ১৭,৫০০ | ১৭,৫০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ১৭,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫** জনাব বাহাউদ্দিনের ব্যবসায়ে ২০১৯ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে—

মে ২ ব্যবসায়ের জন্য ব্যাংক হতে উত্তোলন ১৫,০০০ টাকা।
" ৩ রমিজের নিকট ৫% বাট্টায় ১০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং- ১৭৩।
" ৫ ভাড়া অগ্রিম পরিশোধ ৩,০০০ টাকা।
" ৮ পণ্য ক্রয় বাবদ চেক প্রদান ৭,০০০ টাকা।
" ১০ ৫% বাট্টায় শাহাদাতের নিকট ৯,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং- ১৭৪।
" ১৫ নগদ উত্তোলন ১,০০০ টাকা।

ক. জনাব বাহাউদ্দিনের মে মাসের বিক্রয় খাতে বাট্টার পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

**৫ নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রয় খাতে বাট্টার পরিমাণ নির্ণয় **:**

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| মে-৩ | ৫% বাট্টায় রমিজের নিকট বিক্রয় $\left(১০,০০০ \times \frac{৫}{১০০}\right)$ | ৫০০ | |
| " ১০ | ৫% বাট্টায় শাহাদাতের নিকট বিক্রয় $\left(৯,০০০ \times \frac{৫}{১০০}\right)$ | ৪৫০ | |
| | **মোট বিক্রয় বাট্টা** | | ৯৫০ |

**উত্তর :** বিক্রয় খাতে বাট্টা ৯৫০ টাকা।

খ

**জনাব বাহাউদ্দিন**
**বিক্রয় জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নম্বর | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| মে-৩ | জনাব রমিজ (নোট-১) | ১৭৩ | ✓ | ৯,৫০০ |
| " ১০ | জনাব শাহাদাত (নোট-২) | ১৭৪ | ✓ | ৮,৫৫০ |
| | **মোট** | | | ১৮,০৫০ |

**নোট-১ :** জনাব রমিজের নিকট বিক্রয় = [১০,০০০ − (১০,০০০ × ৫%)] = ১০,০০০ − ৫০০ টাকা = ৯,৫০০ টাকা

**নোট-২ :** জনাব শাহাদাতের নিকট বিক্রয় = [৯,০০০ − (৯,০০০ × ৫%)] = ৯,০০০ − ৪৫০ টাকা = ৮,৫৫০ টাকা

**উত্তর :** বিক্রয় জাবেদার যোগফল ১৮,০৫০ টাকা।

গ

**জনাব বাহাউদ্দিন**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | |
| মে-২ | নগদান হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | (ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে নগদ উত্তোলন করা হলো) | | | | |
| " ৫ | অগ্রিম ভাড়া হিসাব | ডেবিট | | ৩,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৩,০০০ |
| | (অগ্রিম ভাড়া দেওয়া হলো) | | | | |
| " ৮ | ক্রয় হিসাব | ডেবিট | | ৭,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৭,০০০ |
| | (চেকের মাধ্যমে পণ্য ক্রয় করা হলো) | | | | |
| " ১৫ | উত্তোলন হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | (মালিক নগদ টাকা উত্তোলন করেন) | | | | |
| | **মোট** | | | ২৬,০০০ | ২৬,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ২৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶৬** জনাব জীবন চৌধুরী একজন ব্যবসায়ী। ২০১৯ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| জানু. | ১ | নগদ ২,৫০,০০০ টাকা ও ৬৫,০০০ টাকার কলকব্জা ও যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় শুরু করা হলো। |
| " | ৫ | ৫% বাট্টায় সুবর্ণা ট্রেডার্সের নিকট ৪৮,০০০ টাকার পণ্য বিক্রয়, চালান নং ২০৫। |
| " | ৮ | রাজনের নিকট থেকে ৪১,৫০০ টাকার পণ্য ক্রয় করে চেক প্রদান। |
| " | ১২ | সুবর্ণা ট্রেডার্সকে ৫,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো। ক্রেডিট নোট নং-১০৯। |
| " | ১৫ | মনিহারি দ্রব্য ক্রয় ১,২০০ টাকা। |
| " | ১৮ | ব্যবসায়ের জন্য আলমারি ক্রয়ের পরিবহন ব্যয় ১,৫০০ টাকা। |
| " | ২৮ | ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৮০০ টাকা। |

ক. জনাব জীবন চৌধুরীর প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. জনাব জীবন চৌধুরীর ৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান তৈরি করো। ৪

গ. জানুয়ারি মাসের ০৮, ১৫, ১৮ ও ২৮ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

**৬ নং প্রশ্নের সমাধান**

ক প্রারম্ভিক মূলধন নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ | ২,৫০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৬৫,০০০ | |
| **মোট প্রারম্ভিক মূলধন** | | ৩,১৫,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ৩,১৫,০০০ টাকা।

খ ৫ তারিখের লেনদেন অবলম্বনে চালানটি নিম্নরূপ:

**জনাব জীবন চৌধুরী**

..........................

চালান নং-২০৫ **চালান** তারিখ : ৫ জানুয়ারি ২০১৯

ক্রেতার নাম : সুবর্ণা ট্রেডার্স

ঠিকানা : ....................

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | পণ্য ক্রয় | | | ৪৮,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা (৫%) | | | ২,৪০০ |
| | | | | ৪৫,৬০০ |

টাকা (কথায়) : পঁয়তাল্লিশ হাজার ছয়শত মাত্র।

বিক্রয় শর্ত : ............ **বিক্রেতার স্বাক্ষর**

**বি.দ্র.:** ভুল-ত্রুটি সংশোধনযোগ্য

গ

**জনাব জীবন চৌধুরী**

**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাব শিরোনাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | |
| জানু. ৮ | ক্রয় হিসাব | ডেবিট | | ৪১,৫০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৪১,৫০০ |
| | (চেকের মাধ্যমে পণ্য ক্রয় করা হলো) | | | | |
| ” ১৫ | মনিহারি হিসাব | ডেবিট | | ১,২০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১,২০০ |
| | (নগদে মনিহারি ক্রয় করা হলো) | | | | |
| ” ১৮ | আসবাবপত্র হিসাব | ডেবিট | | ১,৫০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১,৫০০ |
| | (নগদে আলমারির পরিবহন ব্যয় দেওয়া হলো) | | | | |
| ” ২৮ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৮০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৮০০ |
| | (মালিক কর্তৃক নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন) | | | | |
| | **মোট** | | | ৪৫,০০০ | ৪৫,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ৪৫,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৭ মি. খান কম্পিউটার ব্যবসায়ী। ২০১৯ সালের জুলাই মাসে তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ:

জুলাই ৫ মাহি কম্পিউটারস থেকে প্রতিটি ৩৬,০০০ টাকা দরে ৮টি কম্পিউটার ক্রয় করেন। কারবারি বাট্টা ৬%, চালান নং ৫০৯, বহন খরচ ১,৫০০ টাকা।

” ১৫ রাজু কম্পিউটারস থেকে প্রতিটি ৪০,০০০ টাকা দরে ৬টি কম্পিউটার ক্রয় করেন, চালান নং ৩১১। কারবারি বাট্টা ৫%, প্যাকিং খরচ ৫০০ টাকা।

” ২০ কম্পিউটার নষ্ট থাকায় ৩টি কম্পিউটার রাজু কম্পিউটারসকে ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং- ৫০১।

ক. জুলাই মাসে মি. খানের মাল ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২

খ. জুলাই মাসের তথ্য অবলম্বনে একটি ডেবিট নোট তৈরি করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে মি. খানের একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

**৭ নং প্রশ্নের সমাধান**

ক মি. খানের মাল ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচ পরিমাণ নিরূপণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০১৯ | | | |
| জুলাই ৫ | বহন খরচ | ১,৫০০ | |
| ” ১৫ | প্যাকিং খরচ | ৫০০ | |
| | **মোট আনুষঙ্গিক খরচ** | | ২,০০০ |

**উত্তর :** আনুষঙ্গিক খরচ ২,০০০ টাকা।

**খ** জুলাই ২০ তারিখের লেনদেন অবলম্বনে ডেবিট নোট নিম্নরূপ :

**মি. খান**

ডেবিট নোট নং-৫০১ | **ডেবিট নোট** | তারিখ : ২০ জুলাই ২০১৯

প্রাপকের নাম : রাজু কম্পিউটারস
ঠিকানা : ............
সূত্র : ক্রয়/চালান নম্বর ৩১১/১৫ জুলাই ২০১৯

| ক্রমিক নং | মালের বিবরণ ও ফেরতের কারণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | প্রতিটি ৪০,০০০ টাকা করে ৩টি কম্পিউটার নষ্ট থাকায় ফেরত পাঠানো হলো এবং ফেরত পণ্যের মূল্য দ্বারা আপনাদের হিসাবকে ডেবিট করা হলো। | ১,২০,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা | ৬,০০০ |
| | | ১,১৪,০০০ |

টাকা (কথায়) : এক লক্ষ চৌদ্দ হাজার মাত্র।

বি.দ্র.: ভুল-ত্রুটি সংশোধনযোগ্য ক্রয় ব্যবস্থাপক

**গ**

**মি. খান**
**ক্রয় জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নম্বর | সূত্র | ক্রয় হিসাব ডেবিট / পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০১৯ জুলাই-৫ | মাহি কম্পিউটারস (নোট-১) | | ৫০৯ | ✓ | ২,৭২,২২০ |
| ” ১৫ | রাজু কম্পিউটারস (নোট-২) | | ৩১১ | ✓ | ২,২৮,৫০০ |
| | | | | | ৫,০০,৭২০ |

**উত্তর:** ক্রয় জাবেদার যোগফল ৫,০০,৭২০ টাকা।

**টীকা :** চালানের ওপর ভিত্তি করে অর্থাৎ কারবারি বাট্টা বাদ দিয়ে এবং আনুষঙ্গিক খরচ যোগ করে ক্রয় জাবেদা প্রস্তুত করা হয়েছে।

**নোট-১ :** মাহি কম্পিউটারস থেকে ক্রয় = [(৩৬,০০০ × ৮) − (৩৬,০০০ × ৮ × ৬%) + ১,৫০০]
= ২,৮৮,০০০ − ১৭,২৮০ + ১,৫০০
= ২,৭২,২২০ টাকা

**নোট-২ :** রাজু কম্পিউটারস থেকে ক্রয় = [(৪০,০০০ × ৬) − (৪০,০০০ × ৬ × ৫%) + ৫০০]
= ২,৪০,০০০ − ১২,০০০ + ৫০০
= ২,২৮,৫০০ টাকা

**প্রশ্ন ▶৮** নিয়াজ চৌধুরী ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে তার নিজ গ্রামে ‘সেবা ক্লিনিক’ নামে একটি চিকিৎসা কেন্দ্র চালু করেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ :

২০১৯
জানুয়ারি ১ নগদ ১,২০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ক্লিনিক চালু করেন।
” ৫ ব্যাংকে একটি হিসাব খোলা হলো ২০,০০০ টাকা।
” ৭ ল্যাবরেটরি যন্ত্র ক্রয় করে চেক দ্বারা মূল্য পরিশোধ ৮,০০০ টাকা।
” ১৫ একজন রোগীকে সেবা প্রদানের বিনিময়ে চেক প্রাপ্তি ১,০০০ টাকা।
” ১৯ নিজ প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ২,০০০ টাকা।
” ২৩ চেকের মাধ্যমে ক্লিনিক ভাড়া প্রদান ২,০০০ টাকা।
” ২৫ গ্রামের মানুষকে সেবা দেওয়ার কারণে অন্য ডাক্তারদের বেতন দেওয়া হলো ৬,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি সাধারণ জাবেদা প্রস্তুত করো। [১ তারিখের লেনদেন ব্যতীত] ৪
গ. ক্লিনিকের মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

**৮ নং প্রশ্নের সমাধান**

**ক** প্রারম্ভিক মূলধনের পরিমাণ নিরূপণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ | ১,২০,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| **মোট প্রারম্ভিক মূলধন** | | ২,০০,০০০ |

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ২,০০,০০০ টাকা।

খ

**সেবা ক্লিনিক**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০১৯ | | | | | |
| জানু.-৫ | ব্যাংক হিসাব | ডেবিট | | ২০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২০,০০০ |
| | (ব্যাংকে টাকা জমা দিয়ে হিসাব খোলা হলো) | | | | |
| ” ৭ | ল্যাবরেটরী যন্ত্রপাতি হিসাব | ডেবিট | | ৮,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৮,০০০ |
| | (চেক দ্বারা ল্যাবরেটরী যন্ত্রপাতি ক্রয় করা হলো) | | | | |
| ” ১৫ | ব্যাংক হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | সেবা আয় হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | (সেবা দিয়ে চেক পাওয়া গেল) | | | | |
| ” ১৯ | উত্তোলন হিসাব | ডেবিট | | ২,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ২,০০০ |
| | (ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন করা হলো) | | | | |
| ” ২৩ | ভাড়া হিসাব | ডেবিট | | ২,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ২,০০০ |
| | (চেক দ্বারা ক্লিনিকের ভাড়া পরিশোধ করা হলো) | | | | |
| ” ২৫ | বেতন হিসাব | ডেবিট | | ৬,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৬,০০০ |
| | (নগদে বেতন পরিশোধ করা হলো) | | | | |
| | **মোট** | | | ৩৯,০০০ | ৩৯,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ৩৯,০০০ টাকা।

গ ক্লিনিকের মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয়:

**মুনাফা জাতীয় আয় নির্ণয় :**

| তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|
| ২০১৯ | | |
| জানু. ১৫ | সেবা প্রদানের মাধ্যমে চেক প্রাপ্তি | ১,০০০ |
| | **মোট মুনাফা জাতীয় আয়** | ১,০০০ |

**মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় :**

| তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|
| ২০১৯ | | |
| জানু. ২৩ | ভাড়া প্রদান | ২,০০০ |
| ” ২৫ | বেতন প্রদান | ৬,০০০ |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | ৮,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৮,০০০ টাকা এবং মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ১,০০০ টাকা।

প্রশ্ন ▶ ৯ ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে আদিব কনফেকশনারির নিম্নরূপ ফেরতসমূহ সংঘটিত হয়েছে :

২০১৯

ফেব্রু. ৫ পারুল কনফেকশনারি কেরানিগঞ্জ হতে প্রতিটি ৬০ টাকা দরে ৫০টি কেক নষ্ট থাকায় ফেরত আসে। ক্রেডিট নোট নং-১০১, ব্যবসায়িক বাট্টা ২.৫%।

” ১০ গাজীপুরের শামীম ট্রেডার্সকে প্রতি পাউন্ড ২৫০ টাকা দরে ৪৫ পাউন্ড টোস্ট বিস্কুট ড্যাম হওয়ায় ফেরত দেওয়া হলো। ডেবিট নোট নং-২৫৫। কারবারি বাট্টা ৩%।

” ১৫ ‘নবাব কনফেকশনারি’ কে প্রতি কেজি ৩৫০ টাকা দরে ২৫ কেজি ড্রাই কেক ফরমায়েশ অপেক্ষা বেশি আসায় ফেরত দেওয়া হলো। ব্যবসায়িক বাট্টা ৫%, ডেবিট নোট নং-২৯৯।

” ২৮ পাপিয়া বেকারি, নবাবগঞ্জ-এর নিকট হতে প্রতি কেজি ২৫০ টাকা দরে ১৫ কেজি নোনতা বিস্কুট ফেরত আসল। কারণ, উক্ত বিস্কুট পাপিয়া বেকারির চাহিদামতো ছিল না। ক্রেডিট নোট নং-৫০৯।

ক. ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের লেনদেনটির সাধারণ জাবেদা দাখিলা দেখাও। ২

খ. আদিব কনফেকশনারির ফেব্রুয়ারি মাসের লেনদেন অবলম্বনে ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

গ. ফেব্রুয়ারি ২০১৯ সালের লেনদেনের ভিত্তিতে আদিব কনফেকশনারির সাধারণ জাবেদা প্রস্তুত করো। ৪

## ৯ নং প্রশ্নের সমাধান

**ক**

**আদিব কনফেকশনারি**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| ফেব্রু.-২৮ | বিক্রয় ফেরত হিসাব ডেবিট | | ৩,৭৫০ | |
| | দেনাদার হিসাব (পাপিয়া বেকারি) ক্রেডিট | | | ৩,৭৫০ |
| | (পাপিয়া বেকারি থেকে বিস্কুট ফেরত আসল।) | | | |
| | মোট | | ৩,৭৫০ | ৩,৭৫০ |

**উত্তর :** জাবেদার যোগফল ৩,৭৫০ টাকা।

**খ**

**আদিব কনফেকশনারি**
**ক্রয় ফেরত জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | ডেবিট নোট নম্বর | সূত্র | পাওনাদার হিসাব ডেবিট<br>ক্রয় ফেরত হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| ফেব্রু.-১০ | শামীম ট্রেডার্স | ২৫৫ | ✓ | ১০,৯১২.৫০ |
| ” ১৫ | নবাব কনফেকশনারি | ২৯৯ | ✓ | ৮,৩১২.৫০ |
| | মোট | | | ১৯,২২৫.০০ |

**উত্তর :** ক্রয় ফেরত জাবেদার যোগফল ১৯,২২৫.০০ টাকা।

**গ**

**আদিব কনফেকশনারি**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৯ | | | | |
| ফেব্রু.-৫ | বিক্রয় ফেরত হিসাব ডেবিট | | ২,৯২৫.০০ | |
| | দেনাদার হিসাব (পারুল কনফেকশনারি) ক্রেডিট | | | ২,৯২৫.০০ |
| | (নষ্ট থাকায় পারুল কনফেকশনারি থেকে ফেরত আসল) | | | |
| ” ১০ | পাওনাদার হিসাব (শামীম ট্রেডার্স) ডেবিট | | ১০,৯১২.৫০ | |
| | ক্রয় ফেরত হিসাব ক্রেডিট | | | ১০,৯১২.৫০ |
| | (বিস্কুট ড্যাম হওয়ায় ক্রিত মাল ফেরত দেওয়া হলো) | | | |
| ” ১৫ | পাওনাদার হিসাব (নবাব কনফেকশনারি) ডেবিট | | ৮,৩১২.৫০ | |
| | ক্রয় ফেরত হিসাব ক্রেডিট | | | ৮,৩১২.৫০ |
| | (ফরমায়েশ মতো না হওয়ায় ফেরত দেওয়া হলো) | | | |
| ” ২৮ | বিক্রয় ফেরত হিসাব ডেবিট | | ৩,৭৫০ | |
| | দেনাদার হিসাব (পাপিয়া বেকারি) ক্রেডিট | | | ৩,৭৫০ |
| | (চাহিদা মত না হওয়ায় ফেরত আসল।) | | | |
| | মোট | | ২৫,৯০০ | ২৫,৯০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ২৫,৯০০ টাকা।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ১০** জনাব সাজ্জাদ একজন ব্যবসায়ী। ২০১৯ সালের এপ্রিল মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিচে দেওয়া হলো:

| | | |
|---|---|---|
| এপ্রিল | ৩ | রাজীব ব্রাদার্স-এর কাছে প্রতি পাউন্ড ৩৫০ টাকা দরে ৩০০ পাউন্ড বিস্কুট বিক্রয়। কারবারি বাট্টা ৩১/২%। চালান নং-১৫১। |
| ” | ৫ | বিবিধ দেনাদারের ৫,০০০ টাকা অবলোপন করো। |
| ” | ৮ | জাফর স্টোরস-এর কাছে প্রতি ডজন ১৪৪ টাকা দরে ১২০ ডজন কলম বিক্রয়। প্যাকিং খরচ ১০০ টাকা। চালান নং-১৫২। |
| ” | ১০ | কমিশন অনাদায়ী ৫০০ টাকা। |
| ” | ১৫ | পাওনাদারকে চেকে পরিশোধ ৬,৫০০ টাকা এবং বাট্টা প্রাপ্তি ৫০০ টাকা। |
| ” | ১৮ | জাফর স্টোরস-এর কাছ থেকে ২০ ডজন কলম ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৫%। ক্রেডিট নোট-৮৫। |
| ” | ২২ | বিক্রয়ের উদ্দেশ্যে চেয়ার ক্রয় ২০,০০০ টাকা। |

ক. উদ্দীপকের আলোকে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ২
খ. উপর্যুক্ত তথ্য অবলম্বনে একটি ক্রেডিট নোট তৈরি করো। ৪
গ. এপ্রিল ৫, ১০, ১৫ ও ২২ তারিখের লেনদেনগুলো সাধারণ দাখিলায় লিপিবদ্ধ করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিক্রয় জাবেদার যোগফল ১,১৮,৭০৫ টাকা। **গ.** জাবেদার যোগফল ৩২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১১** ইমন আহমেদ ২০১৯ সালের ১ জুন নগদ ৫,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা আসবাবপত্র এবং ৫০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে তৈরি পোশাকের ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে এর লেনদেনগুলো নিচে দেওয়া হলো:

২০১৯
জুন ৭ সাদিয়া ফ্যাশন থেকে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।
" ১১ রহমতের কাছে ৩০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ১০,০০০ টাকার একটি চেক পাওয়া গেল।
" ১৬ রহমতের কাছ থেকে পণ্য ফেরত আসল ৫,০০০ টাকা।
" ২৫ আসবাবপত্র বিক্রয় ৩,০০০ টাকা।
" ৩০ আসবাবপত্রের অবচয় ২,৫০০ টাকা।
" ৩০ আবীরের কাছে নগদে বিক্রয় ১,৭০,০০০ টাকা।

ক. ইমন আহমেদের জুন মাসের নিট বিক্রয়ের পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা সাধারণ জাবেদা বই প্রস্তুত করো। ৪
গ. ইমন আহমেদের আসবাবপত্রের সমাপনী মূল্য নির্ণয় করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** বিক্রয়ের পরিমাণ ১,৯৫,০০০ টাকা। **খ.** জাবেদার যোগফল ১০,৪০,৫০০ টাকা। **গ.** আসবাবপত্রের সমাপনী মূল্য ১,৯৪,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১২** তামান্না আকরাম খান CSE পাশ করে আইটি সেবা প্রদান করার উদ্দেশ্যে একটি প্রতিষ্ঠান চালু করেন। উক্ত অফিসের ২০১৯ সালের জানুয়ারি মাসের ঘটনাগুলো নিচে দেওয়া হলো:

২০১৯
জানু. ১ ব্যবসায়ে বিনিয়োগ ২,০০,০০০ টাকা যার ২০% হাতে নগদ, ২০% ব্যাংক জমা, ৩০% আসবাবপত্র ও ৩০% সরঞ্জাম।
" ৫ বাসায় ব্যবহৃত কম্পিউটারটি অফিসে আনয়ন ২৫,০০০ টাকা।
" ১০ মক্কেলদের সফটওয়্যার ডেভেলপমেন্ট-এর সেবা দেওয়া হলো ২০,০০০ টাকা।
" ১৫ মামুন নামের একজন মক্কেলের একটি প্রতিষ্ঠানের ডাটাবেস তৈরি করে দেওয়া হলো। যার সেবামূল্য ৩০,০০০ টাকা এবং ১০,০০০ টাকা অনাদায়ী রইল।

ক. তামান্না আকরাম খান-এর প্রারম্ভিক চলতি সম্পদের পরিমাণ কত? ২
খ. জানুয়ারি মাসে মুনাফা জাতীয় আয় ও প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উক্ত লেনদেনগুলো সাধারণ জাবেদাভুক্ত করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** প্রারম্ভিক চলতি সম্পদ ৮০,০০০ টাকা। **খ.** মুনাফা জাতীয় আয় ৫০,০০০ টাকা এবং মুনাফা জাতীয় প্রাপ্তি ৪০,০০০ টাকা। **গ.** সাধারণ জাবেদার যোগফল ২,৭৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৩** ২০১৯ সালের জানুয়ারি মাসের ১ তারিখে জনাব কাওসার ৫০,০০০ টাকা নগদ, ৩০,০০০ টাকার আসবাবপত্র, ২০,০০০ টাকার পণ্য দ্রব্য এবং ১০% ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করেন। উক্ত মাসে তার কতিপয় লেনদেন নিম্নরূপ:

জানুয়ারি ৩ ব্যবসায়ের জন্য ব্যাংকে হিসাব খোলা হলো ১০,০০০ টাকা।
" ১০ হাসানের কাছ থেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১৮ জুয়েলের কাছে ৫% বাট্টায় পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ২০ কর্মচারীকে বেতন প্রদান করা হলো ৫,০০০ টাকা।
" ২৫ হাসানের কাছ থেকে ক্রয়কৃত ৫,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হলো।
" ৩০ বাসায় ব্যবহৃত ২০,০০০ টাকার একটি আসবাবপত্র ব্যবসায়ে আনা হলো।

ক. জনাব কাওসারের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১৮ তারিখের লেনদেনের সপক্ষের প্রামাণ্য দলিল প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলো জনাব কাওসারের প্রাথমিক বইতে লিপিবন্ধ করো। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।

**উত্তর: ক.** জনাব কাওসারের প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,০০,০০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ২,৪২,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৪** জনাব তুহিন ২০১৯ সালের ১ জানুয়ারি নগদ ১,২০,০০০ টাকা, ৭৫,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তার লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৯

জানু. ১ পলাশের নিকট হতে ৬০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।
" ৫ বৃষ্টিতে ১২,০০০ টাকার পণ্য নষ্ট হলো।
" ৮ ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়া হলো ২,০০০ টাকা।
" ১০ যন্ত্রপাতি বিক্রয় করা হলো ৩,০০০ টাকা।
" ১৯ যন্ত্রপাতি মেরামতের জন্য ৭০০ টাকার পণ্য সরবরাহ করা হলো।
" ২৪ বিনামূল্যে পণ্য বিতরণ ১২,০০০ টাকা।
" ৩০ পরিবহনাধীন থাকা অবস্থায় ২,৫০০ টাকার পণ্য আগুনে বিনষ্ট হলো।

ক. জনাব তুহিনের অস্বাভাবিক ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ২
খ. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** অস্বাভাবিক ক্ষতির পরিমাণ ১৪,৫০০ টাকা। **খ.** নিট ক্রয় ৩০,৮০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ২,৮৭,২০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৫** ইসরাত মাশরুফা মীম নারিন্দায় 'ঐশী ফার্মেসী' নামে একটি দোকান শুরু করলো। ২০১৯ সালের মার্চ মাসে ঐশী ফার্মেসীতে নিম্নোক্ত ঘটনাগুলো ঘটে :

২০১৯

মার্চ ১ ব্যবসায়ে নগদ বিনিয়োগ ২,৫৫,০০০ টাকা।
" ২ ACI ফার্মা থেকে ঔষধ ক্রয় ৭০,০০০ টাকা।
" ৫ দোকানে ডাক্তার বসানোর জন্য ২টি চেয়ার ও একটি টেবিল ক্রয় ৮০,০০০ টাকা।
" ১০ প্রচারনার উদ্দেশ্যে সাইনবোর্ড লাগানো খরচ ৭,০০০ টাকা।
" ১৫ ঔষধ বিক্রয় ৮০,০০০ টাকা যার ৫০% চেকে।
" ২০ স্থানীয় ক্যাবল অপারেটরকে বিজ্ঞাপন বাবদ প্রদান ৮,০০০ টাকা।

ক. মূলধন জাতীয় ব্যয় কত? ২
খ. ঐশী ফার্মেসীর মুনাফা জাতীয় আয় ও ব্যয় নির্ণয় করো। ৪
গ. ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** মূলধন জাতীয় ব্যয় ৮০,০০০ টাকা। **খ.** মুনাফা জাতীয় আয় ৮০,০০০ টাকা এবং মুনাফা জাতীয় ব্যয় ৮৫,০০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৯৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১৬** বাবুল গফুর 'সুগন্ধা কনফেকশনারির' স্বত্বাধিকারী। ২০১৯ সালের ডিসেম্বর মাসে উক্ত ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো ঘটে:

২০১৫

ডিসে. ১ নগদ ৮০,০০০ টাকা, ৩০,০০০ টাকার আসবাবপত্র ও ২০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৫ ব্রেড, বিস্কুট ও অন্যান্য খাদ্যসামগ্রী ক্রয় ১,২০,০০০ টাকা।
" ৭ ভাড়া প্রদান ১৭,০০০ টাকা।
" ১০ পরিবহনকালে ব্রেড ও বিস্কুট নষ্ট হলো ৪,৫০০ টাকা।
" ১৫ বেতন প্রদান ১৪,০০০ টাকা যার ২,০০০ টাকা অগ্রিম।
" ২০ ব্যবসায়ের বিক্রয়ের পরিমাণ ৪,২০,০০০ টাকা।
" ৩০ উৎপাদকের নিকট থেকে কমিশন প্রাপ্তি ৭,৫০০ টাকা।
" ৩১ ঋণ গ্রহণ ২০,০০০ টাকা।

ক. সুগন্ধা কনফেকশনারির মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
খ. উক্ত কনফেকশনারির মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নিরূপণ করো। ৪
গ. ১, ২০, ৩০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

**সুপার টিপ্‌স:** প্রশ্নগুলোর সমাধান নিজে নিজে করতে চেষ্টা করো এবং নিচে দেওয়া উত্তরের সাথে মিলিয়ে নাও।
**উত্তর: ক.** মূলধন জাতীয় প্রাপ্তি ১,৫০,০০০ টাকা। **খ.** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ১,৫৩,৫০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৫,৭৭,৫০০ টাকা।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

১. জাবেদা লেখা শেষে, উভয় টাকার ঘরের যোগফলের নিচে দুটি দাগ টানার কারণ কী?
ক হিসাব সংরক্ষণ খ হিসাব বন্ধকরণ
গ হিসাব স্থানান্তর ঘ হিসাব সংক্ষিপ্তকরণ

২. ধারে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিক্রেতা বিক্রয়কৃত পণ্যের মূল্যের জন্য চালানসহ বিল কার কাছে দাখিল করে?
ক বিক্রেতার কাছে খ ব্যবস্থাপকের কাছে
গ ক্রেতার কাছে ঘ হিসাবরক্ষকের কাছে

৩. ডেবিট নোট ইস্যু করলে লিপিবন্ধ করতে হবে—
i. বহিঃফেরত বইতে
ii. আন্তঃফেরত বইতে
iii. ক্রয় ফেরত বইতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
রানী ট্রেডার্স নগদ ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৭,০০০ টাকা, পাওনাদার ৫,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার যন্ত্রপাতি নিয়ে ব্যবসা শুরু করা হলো।

৪. রানী ট্রেডার্স E-এর পরিমাণ কত টাকা?
ক ৬২,০০০ খ ৫৭,০০০
গ ৫২,০০০ ঘ ৫০,০০০

৫. ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়ার বিবরণ কোথায় লেখা হয়?
ক ডেবিট নোট খ ডেবিট ভাউচার
গ ক্রেডিট নোট ঘ ক্রেডিট ভাউচার

৬. জনাব হাসান ১,০০,০০০ টাকার পণ্য ক্রয় করে উহার ৫০% নগদে ও ৪০% চেকে পরিশোধ করল। ক্রয় বইতে কত টাকা লিপিবন্ধ করতে হবে?
ক ১,০০,০০০ খ ৯০,০০০
গ ৪০,০০০ ঘ ১০,০০০

৭. শেয়ার ক্রয়ের জাবেদা কোনটি হবে?
ক বিনিয়োগ হিসাব ডে., নগদান হিসাব ক্রে.
খ নগদান হিসাব ডে., ক্রয় হিসাব ক্রে.
গ ক্রয় হিসাব ডে., নগদান হিসাব ক্রে.
ঘ শেয়ার হিসাব ডে., নগদান হিসাব ক্রে.

৮. সমাপনী দাখিলার মূল উদ্দেশ্য হলো—
i. জাবেদা ও খতিয়ান হিসাবের সমন্বয়সাধন করা
ii. আর্থিক অবস্থার বিবরণীর হিসাবগুলোর উদ্বৃত্ত শূন্য করে পরবর্তী হিসাবকাল শুরু করা
iii. পরবর্তী হিসাবকাল শুরু করার জন্য আয় বিবরণীর হিসাব শূন্য করা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii ও iii
গ iii ঘ i ও iii

৯. ভাড়া অগ্রিম প্রদত্ত হয়েছে ৫,০০০ টাকা। এ সমন্বয়সাধনের জাবেদায় ক্রেডিট হবে কোন হিসাব?
ক অগ্রিম ভাড়া হিসাব খ ভাড়া হিসাব
গ নগদান হিসাব ঘ ব্যাংক হিসাব

১০. প্রতিষ্ঠানের হিসাব কেমন হওয়া উচিত?
ক পরিষ্কার-পরিচ্ছন্ন খ নির্ভুল
গ স্বচ্ছ ঘ নির্ভুল ও স্বচ্ছ

১১.'অগ্রিম ভাড়া প্রদান' এর সঠিক জাবেদা কোনটি?
ক ভাড়া হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট
খ ভাড়া হিসাব ডেবিট
ব্যাংক হিসাব ক্রেডিট
গ অগ্রিম ভাড়া হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট
ঘ অগ্রিম ভাড়া হিসাব ডেবিট
ভাড়া হিসাব ক্রেডিট

১২. ব্যাংক ঋণ গ্রহণ করলে ব্যবসায়ে কী বৃদ্ধি পাবে?
ক চলতি দায় খ স্বত্বাধিকার
গ দীর্ঘমেয়াদি দায় ঘ নগদ অর্থ ও দায়

১৩. ভুল সংশোধনের জন্য যে জাবেদা দাখিলা প্রদান করা তাকে কী বলে?
ক সমাপনী জাবেদা খ সংশোধনী জাবেদা
গ সমন্বয় জাবেদা ঘ বিশেষ জাবেদা

১৪. জাবেদায় কেন খতিয়ান পৃষ্ঠা উল্লেখ করা হয়?
ক গাণিতিক শুদ্ধতার জন্য
খ সহজে খুঁজে বের করার জন্য
গ মোট টাকার পরিমাণ জানার জন্য
ঘ সহজেই রেওয়ামিলে স্থানান্তরের জন্য

১৫. সমন্বয় জাবেদায় আমরা লিপিবন্ধ করি—
i. অলিখিত দফা
ii. প্রারম্ভিক মূলধন
iii. অসমন্বিত লেনদেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. বিক্রয়ের উদ্দেশ্যে যন্ত্রপাতি ক্রয় করা হলো ৮,০০০ টাকা। এখানে সংশ্লিষ্ট হিসাব কী কী?
ক যন্ত্রপাতি হিসাব, বিক্রয় হিসাব
খ যন্ত্রপাতি হিসাব, নগদান হিসাব
গ নগদান হিসাব, অফিস সরঞ্জাম হিসাব
ঘ ক্রয় হিসাব, নগদান হিসাব

১৭.পণ্যের প্রকৃত মূল্য নিরূপণ করা হয় কীভাবে?
ক কারবারি বাট্টা বাদ দেওয়ার পর
খ কারবারি বাট্টা যোগ করার পর
গ নগদ বাট্টা বাদ দেওয়ার পর
ঘ নগদ বাট্টা যোগ করার পর

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:**

ব্যাংক হিসাব

| তাং | বিবরণ | জা: পৃ: | ডেবিট টাকা | ক্রেডট টাকা | জের/ ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০১৯ | | | | | | |
| জানু-১ | নগদান হি. | | ১,১০,০০০ | | | |
| " -১০ | নগদান হি. | | | ৮০,০০০ | ৩০,০০০ | |
| " ২০ | ক্রয় হি. | | | ১৮,০০০ | ? | |

১৮. ২০ তারিখে লেনদেনটির জাবেদা দাখিলা কোনটি?
ক ক্রয় হি. ডে. নগদান হি, ক্রে.
খ নগদান হি. ডেবিট, ক্রয় হি. ক্রে.
গ ব্যাংক হি. ডে. ক্রয় হি. ক্রে.
ঘ ক্রয় হি. ডেবিট, ব্যাংক হি. ক্রে.

১৯. ব্যাংক হিসাবটির সমাপনী জের কত?
ক ৩৮,০০০টাকা খ ১২,০০০ টাকা
গ ৬২,০০০ টাকা ঘ ২৮,০০০ টাকা

২০. সাধারণত বিক্রয়মূল্যের সাথে কোনটি যোগ করা হয়?
ক ক্রয় পরিবহন খ বিক্রয় পরিবহন
গ বিক্রয় ফেরত ঘ প্যাকিং খরচ

২১. বিনিয়োগের সুদ পাওয়া গেলে ক্রেডিট হবে কোনটি?
ক বিনিয়োগ হিসাব
খ বিনিয়োগের সুদ হিসাব
গ নগদান হিসাব
ঘ মুনাফা হিসাব

২২. যন্ত্রপাতি সংস্থাপনের জন্য মজুরি প্রদান করা হলো ১,০০০ টাকা। এখানে কোন হিসাবটি ডেবিট হবে?
ক যন্ত্রপাতি খ মজুরি
গ নগদান ঘ মেরামত

২৩. অফিসের জন্য কাগজ, কালি, পিন ইত্যাদি ক্রয় করা হলে, কোন হিসাব ডেবিট হবে?
ক অফিস সংক্রান্ত হিসাব
খ অফিস সাপ্লাইজ হিসাব
গ বিবিধ খরচ হিসাব
ঘ মনিহারি হিসাব

২৪. ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ১৫,০০০ টাকা। সঠিক জাবেদা হবে-
i. নগদান হিসাব ডেবিট
ii. ব্যাংক হিসাব ক্রেডিট
iii. উত্তোলন হিসাব ডেবিট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. দেনাদার থেকে বাহক চেক প্রাপ্তির জন্য কোনটি বৃদ্ধি পাবে?
ক ব্যাংক হিসাব খ চেক হিসাব
গ নগদান হিসাব ঘ প্রাপ্তি হিসাব

২৬. কোনটি ক্রয় ফেরত জাবেদায় লিপিবন্ধ করা হয়?
ক নগদে ক্রয়কৃত পণ্য ফেরত
খ নগদ বাট্টায় ক্রয়কৃত পণ্য ফেরত
গ ধারে ক্রয়কৃত পণ্য ফেরত
ঘ ধারে ক্রয়কৃত সম্পত্তি ফেরত

২৭. ব্যবসায়ে ব্যবহৃত বা ব্যবহারের উদ্দেশ্যে ক্রীত কোন সম্পত্তি বিক্রয় করলে ক্রেডিট হবে কোনটি?
ক ক্রয় হিসাব
খ বিক্রয় হিসাব
গ মূলধন হিসাব
ঘ সংশ্লিষ্ট সম্পত্তি হিসাব

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জয়া প্রদা ৫/২০, নিট ৩০ শর্তে স্বর্ণার কাছে ২০,০০০ টাকার পণ্য ধারে বিক্রয় করে।

২৮. ২০ দিনের মধ্যে প্রদেয় অর্থ প্রদান করলে স্বর্ণা কত টাকা বাট্টা পাবে?
ক ২৫০ টাকা খ ৫০০ টাকা
গ ১,০০০ টাকা ঘ ২০,০০০ টাকা

২৯. ৩০ দিনের মধ্যে পরিশোধ করলে স্বর্ণাকে কত টাকা দিতে হবে?
ক ১,০০০ টাকা খ ১৯,০০০ টাকা
গ ২০,০০০ টাকা ঘ ২১,০০০ টাকা

৩০. বিনিয়োগের সুদ পাওনা হয়েছে ৩,০০০ টাকা, যা এখনও পাওয়া যায়নি। এ সমন্বয়ের দাখিলার জন্য ডেবিট হবে কোন হিসাব?
ক বিনিয়োগের অনাদায়ী সুদ হিসাব
খ বিনিয়োগ হিসাব
গ নগদান হিসাব
ঘ বিনিয়োগের সুদ হিসাব

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** জনাব সিয়াম-এর ব্যবসায়ে ২০১৯ সালের জুলাই মাসে সংঘটিত লেনদেনসমূহ নিচে দেওয়া হলো:

জুলাই ১ ব্যবসায়ের জন্য ব্যাংক থেকে উত্তোলন ১০,০০০ টাকা।
" ৫ রাহাতের কাছে ৫% বাট্টায় পণ্য বিক্রয় ২০,০০০ টাকা। চালান নং-১০১।
" ১০ বেতন অগ্রিম পরিশোধ ১০,০০০ টাকা।
" ১২ চেকের মাধ্যমে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ২০ রাহুলের কাছে ৬% বাট্টায় পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা। চালান নং-১৫১।
" ৩০ নগদে উত্তোলন ৫,০০০ টাকা।

ক. জনাব সিয়াম-এর বিক্রয় খাতে বাট্টার পরিমাণ কত? ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

**২.▶** জনাব সিদ্দিক হোসেন 'জেনারেল স্টোর' নামে একটি খুচরা ব্যবসায় পরিচালনা করেন। ২০১৯ সালের মার্চ মাসে তার প্রতিষ্ঠানে নিচের লেনদেন সংঘটিত হয়েছে:

২০১৯
মার্চ ৫ নিম্নমানের কারণে হাজী ট্রেডার্স থেকে প্রতি কেজি ৩৫ টাকা দরে ৫০ কেজি মিনিকেট চাল ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ২%। ক্রেডিট নোট নং-৩০৫।
" ১০ রহমান এন্ড সন্স-এর কাছে প্রতি কেজি ৮০ টাকা দরে ৪০ কেজি মুসুর ডাল ফরমায়েশ অপেক্ষা বেশি হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট-১৯০।
" ২০ সালমা স্টোরকে প্রতি প্যাকেট ২৮০ টাকা দরে ২৫ প্যাকেট গুড়ো দুধ মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ফেরত পাঠানো হলো। ডেবিট নোট নং-১৯৫।
" ৩০ মুহাইমিন এন্ড সন্স-এর কাছ থেকে প্রতি আউন্স ২০০ টাকা দরে ৩০ আউন্স চা পাতা নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাওয়া গেল। কারবারি বাট্টা ৩%। ক্রেডিট নোট নং-৩১৮।

ক. ৫ মার্চ তারিখের লেনদেনটি দ্বারা একটি ক্রেডিট নোট প্রস্তুত করো। ২
খ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

**৩.▶** তুহিন চৌধুরী ঢাকার কাকরাইলে ইলেকট্রনিকস পণ্যের ব্যবসায় করেন। ২০১৯ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো নিচে দেওয়া হলো:

ডিসে. ১ ১০% বাট্টায় দেনাদারের কাছ থেকে ৫০,০০০ টাকার পাওনা আদায়।
" ৫ আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা, ক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে।
" ৬ কুঋণ সঞ্চিতি ধার্য করতে হবে ৮,০০০ টাকা।
" ৬ বিজ্ঞাপন খরচ পরিশোধ ২৫,০০০ টাকা।
" ৮ ব্যবসায়ের প্রচারের জন্য পণ্য বিতরণ ১৫,০০০ টাকা।
" ১২ মোট বিজ্ঞাপন খরচের $^{১}/_{৪}$ অংশ অবলোপন করতে হবে।
" ১৮ ধারে ডেলিভারি ভ্যান ক্রয় ৬০,০০০ টাকা।

ক. প্রয়োজনীয় সংশোধনী জাবেদা দাও। ২
খ. প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাও। ৪
গ. অন্যান্য জাবেদার অন্তর্ভুক্ত লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

**৪.▶** জনাব শিপন ২০১৯ সালের ১ জানুয়ারি নগদ ২১,০০০ টাকা এবং ৯,০০০ টাকা মূল্যের আসবাবপত্র নিয়ে কারবার শুরু করেন। তার ব্যবসায়ের অন্যান্য লেনদেন নিম্নরূপ:

২০১৯
জানুয়ারি ৪ সোনালী ব্যাংকে একটি চলতি হিসাব খোলা হলো ৬,০০০ টাকা।
" ৮ রহমানের কাছ থেকে মাল ক্রয় করা হলো ১,৫০০ টাকা।
" ২২ শিক্ষানবিশ সেলামি পাওয়া গেল ৩০০ টাকা।
" ২৫ কর্মচারীদের বেতন প্রদান ৬০০ টাকা।
" ৩১ নগদ বিক্রয় ১,৫০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জানুয়ারি ১ থেকে ২২ তারিখ পর্যন্ত লেনদেনসমূহের জাবেদা দাও। ৪
গ. সমাপনী নগদ উদ্বৃত্ত নির্ণয় করো। ৪

**৫.▶** আবরার এন্টারপ্রাইজ-এর ২০১৯ সালের মে মাসের লেনদেনগুলো নিচে দেওয়া হলো:

২০১৯
মে ১ মালিক ব্যবসায়ের প্রয়োজনে নগদ ১,৪০,০০০ টাকা ও ৯০,০০০ টাকার আলমারি ও টেবিল সরবরাহ করলেন।
" ৪ মোহিতের কাছ থেকে চেকে ৫০,০০০ টাকার পণ্য ক্রয়।
" ৮ অফিসের জন্য কাগজ, কলম ও পিন ক্রয় ১,২০০ টাকা।
" ১২ মোহনগঞ্জের রাইম ট্রেডার্স-এর কাছে প্রতি বস্তা ডাল ১,৫৬০ টাকা দরে ৩০ বস্তা ডাল বিক্রয়। শর্ত ২/৭, নিট ৩০, চালান নং-১১৫০, ব্যবসায়িক বাট্টা ৬%।
" ১৭ মালিক বাসায় ব্যবহারের জন্য ৭০ টাকা কেজি দরে ১০ কেজি ডাল নিয়ে গেল।
" ২১ রাইম ট্রেডার্স ৫,০০০ টাকার চেক দিলেন।

ক. মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ১২ মে, ২০১৯ তারিখের লেনদেন অবলম্বনে আবরার এন্টারপ্রাইজ-এর একটি চালান প্রস্তুত করো। ৪
গ. আবরার এন্টারপ্রাইজ-এর মে ৪, ৮, ১৭ ও ২১ তারিখের লেনদেন সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করো। ৪

**৬.▶** মিসেস আফরিন ২০১৯ সালের ১ জুলাই নগদ ১,০০,০০০ টাকা; আসবাবপত্র ৪০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেন নিচে দেওয়া হলো:

জুলাই ৩ মিনারের কাছ থেকে পণ্য ক্রয় ৭২,০০০ টাকা। কারবারি বাট্টা ৩%, চালান নং-১৭১।
" ৫ নাজিয়ার কাছে বিক্রয় ৩২,০০০ টাকা।
" ১৫ আজিজ এন্টারপ্রাইজ থেকে ৫% বাট্টায় ফ্রিজ ক্রয় ৪০,০০০ টাকা। চালান নং-১৭৮।
" ২০ ব্যাংক থেকে উত্তোলন ২৫,০০০ টাকা।
" ৩০ প্রচার ও প্রচারণার জন্য পণ্য বিতরণ ২০,০০০ টাকা।
" ৩১ কর্মচারীদের বেতন প্রদান ১০,০০০ টাকা।

ক. মিসেস আফরিনের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে জনাব আফরিনের ব্যবসায়ের একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত ৫, ২০, ৩০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

**৭.▶** জনাব তরুণ একটি দোকানের মালিক। ২০১৯ সালের ১ জুন তারিখে তাঁর বিভিন্ন হিসাবের উদ্বৃত্ত ছিল : নগদ ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৩৫,০০০ টাকা এবং প্রদেয় হিসাব ১৫,০০০ টাকা। জুন মাসে সম্পাদিত ঘটনাগুলো নিচে দেওয়া হলো:

জুন ৩ জনাব তরুণ অতিরিক্ত মূলধনস্বরূপ ব্যবসায়ে নগদ ৫,০০০ টাকা বিনিয়োগ করেন।
" ১৩ নগদ ক্রয় ১৫,০০০ টাকা ও বাকিতে ক্রয় ২৫,০০০ টাকা।
" ১৯ কর্মচারীর বেতন প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ ব্যাংকের মাধ্যমে ভাড়া পরিশোধ করেন ৬০০ টাকা।

ক. ২০১৯ সালের ১ জুন তারিখে মূলধন নির্ণয় করো। ২
খ. ১, ৩, ১৩ ও ১৯ তারিখের লেনদেন হিসাব সমীকরণে কী প্রভাব বিস্তার করে তা টেবুলার ছকের মাধ্যমে দেখাও।। ৪
গ. লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

**৮.▶** গাজীপুরের সাবু এন্টারপ্রাইজ-এর ২০১৯ সালের মে মাসের লেনদেনগুলো নিচে দেওয়া হলো :

২০১৯

মে ১ মালিক ব্যবসায়ের প্রয়োজনে আরও নগদ ১,৪০,০০০ টাকা ও ৯০,০০০ টাকার আলমারি ও টেবিল সরবরাহ করলেন।

" ৪ মোহিতের কাছ থেকে চেকে ৫০,০০০ টাকার পণ্য ক্রয়।

" ৮ অফিসের জন্য কাগজ, কলম ও পিন ক্রয় ১,২০০ টাকা।

" ১২ মোহনগঞ্জের রাইম ট্রেডার্স-এর কাছে প্রতি বস্তা ডাল ১,৫৬০ টাকা দরে ৩০ বস্তা ডাল বিক্রয়। শর্ত ২/৭, নিট ৩০, চালান নং-১১৫০, ব্যবসায়িক বাট্টা ৬%।

" ১৭ মালিক বাসায় ব্যবহারের জন্য ৭০ টাকা কেজি দরে ১০ কেজি ডাল নিয়ে গেল।

" ২১ রাইম ট্রেডার্স ৫,০০০ টাকার চেক দিলেন।

ক. মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১২ মে, ২০১৯ তারিখের লেনদেন অবলম্বনে সাবু এন্টারপ্রাইজ-এর একটি চালান প্রস্তুত করো। ৪

গ. সাবু এন্টারপ্রাইজ-এর মে ৪, ৮, ১৭ ও ২১ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ করো। ৪

**৯.▶** মিস তরী ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ১,০০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা মূল্যের যন্ত্রপাতি নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিচের লেনদেনগুলো সংঘটিত হলো :

২০১৯

জানুয়ারি ৫ আসবাবপত্র ক্রয় করা হলো ২৫,০০০ টাকা।

" ৬ ব্যবসায় থেকে উত্তোলন করা হলো ১৩,০০০ টাকা।

" ১৩ বিনিয়োগ থেকে সুদ পাওয়া গেল ৫,০০০ টাকা।

" ১৭ কুঋণ ধার্য করা হলো ১,০০০ টাকা।

" ১৯ আয়কর প্রদান করা হলো ৩,০০০ টাকা।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জানুয়ারি মাস শেষে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. জানুয়ারি ১ থেকে ১৩ তারিখ পর্যন্ত লেনদেনসমূহের জাবেদা দাও। ৪

**১০.▶** ২০১৯ সালের মার্চ মাসে জনাব হাসান হাবিব নগদ ৫০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো নিচে দেওয়া হলো :

২০১৯

মার্চ ৩ নগদে ১০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো।

" ১০ আপ্যায়ন বাবদ ব্যয় ১০০ টাকা।

" ১৮ কুঋণ ৫০০ টাকা।

" ২০ ৫,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৯০০ টাকার একটি চেক পেয়ে ব্যাংকে জমা দেওয়া হলো।

" ২৫ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে ২,০০০ টাকা উত্তোলন করা হলো।

" ৩১ ব্যাংক সুদ মঞ্জুর করল ৩০০ টাকা।

ক. মোট নগদ বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. মার্চ ১৮ থেকে ৩১ তারিখ পর্যন্ত লেনদেনসমূহের জাবেদা দাও। ৪

**১১.▶** জনাব ইকরামুল ১ মার্চ ২০১৯ তারিখে নগদ ৫,০০০ টাকা ও ১০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করেন। প্রতিষ্ঠানে মার্চ মাসের লেনদেনগুলো নিচে দেওয়া হলো:

২০১৯

মার্চ ২ ধারে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।

" ৭ চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকা।

" ১৫ ভাড়া পাওয়া গেল ১০,০০০ টাকা।

" ২৫ বাকিতে আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।

" ৩০ শিক্ষানবিশ ভাতা প্রদান ৫,০০০ টাকা।

" ৩১ নগদ উত্তোলন ২,৫০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের সাহায্যে ব্যবসায়ের ১ মার্চ ২০১৯ তারিখের মোট মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১৫, ২৫, ৩০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. ১, ২, ৭ ও ১৫ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে কী প্রভাব বিস্তার করে তা টেবুলার ছকের মাধ্যমে দেখাও। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন

**১.** **ক.** বিক্রয় খাতে বাট্টার পরিমাণ ২,৮০০ টাকা। **খ.** বিক্রয় জাবেদার যোগফল ৪৭,২০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৪০,০০০ টাকা।

**২.** **ক.** ক্রেডিট নোটের টাকার পরিমাণ ১,৭১৫ টাকা। **খ.** ক্রয় ফেরত জাবেদার যোগফল ১০,২০০ টাকা। **গ.** বিক্রয় ফেরত জাবেদার যোগফল ৭,৫৩৫ টাকা।

**৩.** **খ.** সমন্বয় জাবেদার যোগফল ৩৮,০০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৮০,০০০ টাকা।

**৪.** **ক.** মোট প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৩০,০০০ টাকা। **খ.** জাবেদার গেযাফল ৩৭,৮০০ টাকা। **গ.** সমাপনী নগদ উদ্বৃত্তের পরিমাণ ১৬,২০০ টাকা।

**৫.** **ক.** মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ ৭০০ টাকা। **খ.** চালানের টাকার পরিমাণ ৪৩,৯৯২ টাকা। **গ.** জাবেদার যোগফল ৫৬,৯০০ টাকা।

**৬.** **ক.** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,৪০,০০০ টাকা। **খ.** ক্রয় জাবেদার যোগফল ৬৯,৮৪০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৮৭,০০০ টাকা।

**৭.** **ক.** প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৪০,০০০ টাকা। **খ.** হিসাব সমীকরণের যোগফল ৪০,০০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৫০,৬০০ টাকা।

**৮.** **ক.** মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ ৭০০ টাকা। **খ.** ১২ তারিখের লেনদেনের ভিত্তিতে প্রস্তুতকৃত চালানের পরিমাণ ৪৩,৯৯২ টাকা। **গ.** জাবেদার যোগফল ৫৬,৯০০ টাকা।

**৯.** **ক.** মোট প্রারম্ভিক মূলধনের পরিমাণ ২,০০,০০০ টাকা। **খ.** মালিকানা স্বত্বের পরিমাণ ১,৮৮,০০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ২,৪৩,০০০ টাকা।

**১০.** **ক.** নগদ বাট্টার পরিমাণ ১০০ টাকা। **খ.** মোট ব্যয়ের পরিমাণ ১০,৭০০ টাকা। **গ.** জাবেদার যোগফল ৭,৮০০ টাকা।

**১১.** **ক.** মোট মূলধনের পরিমাণ ১৫,০০০ টাকা। **খ.** জাবেদার যোগফল ৩২,৫০০ টাকা। **গ.** টেবুলার ছকের যোগফল ৭০,০০০ টাকা।